



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

বাংলাদেশের
সুশাসন
Bangladesh



ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০৮/২০২১ খ্রিঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটির স্মারক নং-৭৯ তারিখ: ২৯/০৭/২০২১ খ্রিঃ মোতাবেক ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপ:

বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষা পুনর্বিন্যাসকৃত সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী শুধু গুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

- ২। ২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যিক।
- ৩। ক) ২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
খ) আংশিক বিষয়ে অকৃতকার্য (এক/দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
উদাহরণস্বরূপ একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা (আবশ্যিক বিষয়) ও রসায়ন (নৈর্বাচনিক বিষয়)-এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।
গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।
- ৪। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইট থেকে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর ড. সুদীপা দত্ত)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম